


পানীয় জল/পানিতে সীসা বা লিড পরীক্ষার কিটের জন্য (2 বোতল কিট) ধাপে ধাপে প্রদত্ত নির্দেশনা

কোনো প্রশ্ন আছে?
DEP এর লিড ইউনিটে
(718) 595-5364 নম্বরে
ফোন করুন

1 কমপক্ষে 6 ঘন্টার জন্য জল/পানি ব্যবহার করবেন না




- এর মধ্যে রয়েছে ডিশ ধোওয়া, বাথরুমে ফ্ল্যাশ করা বা দূত জল/পানি পান করা।
- এই সময়ে আপনার জল/পানির দরকার হলে অনুগ্রহ করে জল/পানির জার ভরে নিন।
- যদি বিল্ডিংটিতে একাধিক পরিবারের বাস থাকে তাহলে অন্য অ্যাপার্টমেন্টে(গুলিতে) জল/পানি ব্যবহারের উপর নিষেধাজ্ঞা দেওয়ার প্রয়োজন নেই।

2 নমুনা সংগ্রহের একটা স্থান নির্বাচন করুন




- অপরিশুদ্ধ জলের/পানির নমুনা রান্নাঘর বা বাথরুমের কল থেকে সংগ্রহ করতে হবে এবং সেই স্থানটিকে অবশ্যই চেন অফ কাস্টোডি (CoC) ফর্ম এ অন্তর্ভুক্ত করতে হবে।
- যদি নির্বাচিত কলে একটি এরাটোর (কলের মুখে থাকা জালি) থাকে, তাহলে সেটি খুলে ফেলুন।
- যদি কলে ইনলাইন ফিল্টার থাকে, অনুগ্রহ করে সেটি অপসারণ করুন বা ফিল্টার বাইপাস করুন।

3 1 নং নমুনা সংগ্রহ করুন প্রথম সংগ্রহ




- 1 নং বোতল (হলুদ লেবেল করা) কলের নিচে রাখুন এবং কেবল ঠান্ডা জল/পানি চালু করুন।
- 1 নং বোতলটি উপরের ঠিক নীচে অবধি ভর্তি করুন। ছিপি শক্তভাবে লাগান।
- ঠাণ্ডা জল/পানি পড়তে দিতে থাকুন।
- 1 নং বোতলে এবং চেন অফ কাস্টোডি ফর্মে সংগ্রহের তারিখ এবং সময় লিখুন।

4 2 নং নমুনা সংগ্রহ করুন 1-2 মিনিট ফ্ল্যাশ




- 1-2 মিনিট ঠান্ডা জল/পানি খোলা থাকার পর, 2 নং বোতল ভর্তি করা শুরু করুন (কমলা রঙে লেবেল করা)।
- 2 নং বোতলটি উপরের ঠিক নীচে অবধি ভর্তি করুন। ছিপি শক্তভাবে লাগান।
- জল/পানি বন্ধ করুন।
- 2 নং বোতলে এবং চেন অফ কাস্টোডি ফর্মে অবশ্যই সংগ্রহের তারিখ এবং সময় লিখুন।

5 চেন অফ কাস্টোডি সম্পূর্ণ করুন



- আপনি অতীতে চেন-অফ-কাস্টোডি ফর্ম পূরণ করে থাকলেও **সংযুক্ত চেন-অফ-কাস্টোডি ফর্মটি পূরণ করুন।**
- আপনাকে আবশ্যিকভাবে 'নমুনার তথ্য' (1 থেকে 4) সম্পূর্ণ পূরণ করতে হবে নতুবা আপনার নমুনা পরীক্ষা করা নাও হতে পারে।
- আপনার যা জানেন সেই অনুসারে প্রশ্নের (5 থেকে 12) উত্তর দিন। যদি আপনি একটিও প্রশ্নের উত্তর দিতে না পারেন, তাহলে 'জানি না' অথবা খালি ছেড়ে দিন।
- নিচে সই করে তারিখ দিন।
- আপনার রেকর্ডের জন্য দ্বিতীয় পৃষ্ঠাটি রেখে দিন।

6 নমুনা অবিলম্বে ফেরত দিন



- ভর্তি করা 1 নং বোতল, ভর্তি করা 2 নং বোতল প্রদত্ত প্লাস্টিক ব্যাগে ভরুন, সিল করুন, এবং বাক্সের মধ্যে সিল করা ব্যাগ ও পূরণ করা চেন অফ কাস্টোডি ফর্ম রেখে দিন।
- প্যাকেজিং টেপ দিয়ে বা সংযুক্ত বাদামী টেপ দিয়ে বাক্সটিকে সীল করে দিন।
- **মার্চেন্টাইজ রিটার্ন লেবেলটি** তুলে ফেলুন ও সেটিকে বাক্সের বাইরের দিকের ঠিকানার লেবেলের উপরে স্টেটে দিন।
- বাক্সটিকে যে কোন ইউএসপিএস পোস্ট অফিসে নিয়ে যান বা ইউএসপিএস দ্বারা 'পিক আপের সময় নির্ধারণ করুন'। **বাক্সটি নীল ডাকবাক্সে ফেলবেন না।**
- সংগ্রহের পরের 2 সপ্তাহের মধ্যে বাক্সটি পাওয়া না গেলে নমুনাগুলি পরীক্ষা করা হবে না।

দ্রষ্টব্য: আপনার কিট পাওয়ার 3 থেকে 6 সপ্তাহের পর আপনাকে ডাকযোগে ফলাফল পাঠানো হবে।